গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কার্যালয়
উপজেলা কার্যালয়
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
www.doict.fulbaria.mymensingh.gov.bd

**বিষয়ঃ উপজেলা সাইবার অপরাধ প্রতিরোধ কমিটির মার্চ/২০২৬ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | শেখ তাকী তাজওয়ার<br>উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) |
| সভার তারিখ | ৩১ মার্চ, ২০২৬ খ্রি. |
| সভার সময় | বেলা ১২.৩০ ঘটিকা। |
| স্থান | উপজেলা পরিষদ সভাকক্ষ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। |
| উপস্থিতি | পরিশিষ্ট- "ক" তে সংযুক্ত |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় সাইবার অপরাধ সম্পর্কে বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

১। সভার আলোচনা এবং সিদ্ধান্তঃ

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধে সচেতনামূলক কার্যক্রম। | ফুলবাড়ীয়া উপজেলায় যেন কোন সাইবার অপরাধের ঘটনা না ঘটে সে জন্য সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধে উপজেলার সকল স্কুল/মাদ্রাসা কলেজগুলোতে সচেতনামূলক কার্যক্রম যেমন আলোচনা সভা, সেমিনার, কর্মশালা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রতিটি কলেজে ০১টি করে সেমিনার আয়োজন ও স্কুল/মাদরাসায় আলোচনা সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও সভাপতি মহোদয় উপজেলার সাংবাদিকবৃন্দকে সাইবার অপরাধ সম্পর্কে জনসচেতনামূলক বিভিন্ন সংবাদ প্রচার ও সাইবার অপরাধের কোন ঘটনা ঘটলে সাথে সাথে উপজেলা আইসিটি অফিসারকে জানানোর জন্য অনুরোধ করেন। | উপজেলা আইসিটি অফিসার ও<br>অধ্যক্ষ/ সুপার/ প্রধান শিক্ষক সকল শিক্ষা প্রতিষ্ঠান, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। |
| ০২ | সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইলের শিকারগ্রস্থদের আইনি সহায়তা প্রদান। | ফুলবাড়ীয়া উপজেলায় কোন ব্যক্তি সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইলের শিকার হলে শিকারগ্রস্থদের আইনি সহায়তা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সাইবার অপরাধের শিকারগ্রস্থদের আইনি সহায়তা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার |
| ০৩ | সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইলের শিকারগ্রস্থদের জীবনযাপন স্বাভাবিক করণের সহায়তা প্রদান। | ফুলবাড়ীয়া উপজেলায় সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইলের শিকার হলে শিকারগ্রস্থদের জীবনযাপন স্বাভাবিক করণের সহায়তা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সাইবার অপরাধের শিকারগ্রস্থদের জীবনযাপন স্বাভাবিক করণের জন্য সহায়তা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | বিবিধ | সভাপতি মহোদয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহোদয়কে ফুলবাড়ীয়া উপজেলায় সাইবার অপরাধের কোন মামলা দায়ের হলে এবং কোন ব্যক্তি সাইবার অপরাধের শিকার হলে কমিটিকে অবহিত করার জন্য অনুরোধ করেন। এছাড়াও উপজেলার সকল কম্পিউটার দোকান মালিক এবং কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহার করে বিভিন্ন সেবাদানকারী প্রতিষ্ঠানে কর্মরত মালিক, কর্মকর্তা ও কর্মচারীদেরকে সাইবার অপরাধ সম্পর্কে সচেতন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক গত ০৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে সাইবার সুরক্ষা অধ্যাদেশ-২০২৫ এর ধারা-৫ এর উপধারা ২ অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তাগণকে পুনরায় আদেশ না দেওয়া পর্যন্ত নিজ দায়িত্বের পাশাপাশি জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সির শাখা কার্যালয়ের দায়িত্ব প্রদান করা হয়েছে। সে অনুযায়ী কার্যক্রম শুরু করা হয়েছে। | উপজেলা আইসিটি অফিসার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফুলবাড়ীয়া থানা। |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২-০৪-২০২৬
শেখ তাকী তাজওয়ার
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

**নম্বর:** ৫৬.০৪.৬১২০.০০০.০০১.০৬.০০০২.২৫.২১

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২। অধ্যক্ষ, ফুলবাড়ীয়া ডিগ্রী কলেজ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ফুলবাড়ীয়া,ময়মনসিংহ।
৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ীয়া,ময়মনসিংহ।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা,ফুলবাড়িয়া থানা,ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।।
৬। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস,ফুলবাড়ীয়া,ময়মনসিংহ।
৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৮। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৯। প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত), ফুলবাড়ীয়া সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়,ফুলবাড়ীয়া,ময়মনসিংহ।
১০। শিক্ষক, সমিতির সভাপতি (প্রথমিক বিদ্যালয়) ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
১১। শিক্ষক, সমিতির সভাপতি(মাধ্যমিক বিদ্যালয়) ফুলবাড়ীয়া, ময়মনসিংহ এবং
১২। এ এস এম, এনায়েতুর রহমান, সাংবাদিক, ফুলবাড়ীয়া প্রেসক্লাব, ময়মনসিংহ।

০২-০৪-২০২৬
শরিফুল ইসলাম
উপজেলা আইসিটি অফিসার ফুলবাড়ীয়া,
ময়মনসিংহ